আজকের কাগজ

তারিখ ... ৩০/৪/৯৫ ...
পৃষ্ঠা ৮ কলাম ৭ .....

১৪

## যশোরে ছাত্র-ছাত্রীদের শিক্ষা বোর্ড ঘেরাও

ভূয়া রেজিস্ট্রেশন নম্বরধারী ছাত্র/ছাত্রীরা আগামী এসএসসি পরীক্ষায় অংশ নিতে পারছে না এখবর জানতে পেরে প্রায় সহস্রাধিক ছাত্র-ছাত্রী ও তাদের অভিভাবকরা গতকাল (মঙ্গলবার) সকালে যশোর শিক্ষা বোর্ড ঘেরাও করে। ঘেরাওকালে তারা বোর্ডের সামনে দন্ডায়মান চট্ট-মেট্রো-২৬ নম্বরের একটি জীপ ও ঠাকুরগাঁ-এ-১৭০ নম্বরের একটি মোটর সাইকেল এবং সোনালী ব্যাংক বোর্ড শাখার দরজা ও জানালার গ্লাস ভাংচুর করে। এ সময় তাদের এলোপাতাড়ি মারপিটে কমবেশি ১০ জন আহত হয়েছে। এ খবর জানতে পেরে পুলিশ ঘটনাস্থলে ছুটে আসে এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে নিয়ে আসে। যশোর থেকে মনিরুল ইসলাম।